



জাতীয় সংসদ নির্বাচন অপ্রাধিকার
অতি দ্রুত

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৩.২৫ (অংশ-৪)-৪২৭

তারিখ: ০৮ পৌষ ১৪৩২
২৩ ডিসেম্বর ২০২৫

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে নির্বাচনি এলাকায় অনুদান প্রদান, নতুন প্রকল্প গ্রহণ এবং অর্থ অবমুক্তকরণ স্থগিত রাখা

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন: সংলগ্নী-১)। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ (সংলগ্নী-২) এর বিধি ৪ (৪) অনুযায়ী- নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার দিন হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করতে পারবেন না।

০২। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী সিটি কর্পোরেশন/পৌরসভাসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবেন না মর্মে মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন। এমনকি মাসুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে না।


০৩। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ৪ (৩) অনুযায়ী কোন প্রার্থী কর্তৃক নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাবে না।

০৪। তাছাড়া, ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচনি কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তবে ইতঃপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করা নিত্য আবশ্যিক হলে এবিষয়ে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে।

০৫। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর উপরোল্লিখিত বিধান লংঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উল্লিখিত আচরণ বিধিমালায় বিধি ২৭ এ বর্ণিত শাস্তির আওতায় আসবে।

০৬। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনার আলোকে একটি পরিপত্র জারি করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব

নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

F:\Admin\pc doc\New Documents\ccs\1301\parliament Election\letter draft\13.03.25\ccs.ord.doc

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৩.২৫ (অংশ-৪)-৪২৭

তারিখ: ০৮ পৌষ ১৪৩২
২৩ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ডিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৯. বিভাগীয় কমিশনার, (সকল)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
১৪. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার
১৫. পুলিশ সুপার (সকল)
১৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার (সকল)
১৭. অফিসার (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
- ✓ ১৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
২১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)।

১. *XXX*
২৩/১২/২০২৫

(মোহাম্মদ শাহজালাল)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com